রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২২ — তারিখ: ০৭.১১.২০২২

বিষয়: সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়ন প্রসঙ্গে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের (রাজশাহী ও রংপুর বিভাগ) উৎপাদনশীল কর্মসংস্থান, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে অর্থায়ন করে আসছে। দেশের সার্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানসমূহকে যথাযথভাবে অর্থায়নের লক্ষ্যে সিএমএসএমই খাতে অর্থায়ন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯) এর নির্দেশনার অনুবৃত্তিক্রমে গত ১৩.০৯.২০২০ তারিখে 'কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে অর্থায়ন বিষয়ক নীতিমালা ও নিয়মাচার' নামীয় ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২০ মাঠ পর্যায়ে জারী করা হয়।

কর্মসংস্থানমুখী ও শিল্পভিত্তিক অর্থনীতির দ্রুত প্রবৃদ্ধির ক্ষেত্রে ক্লাস্টারভিত্তিক অর্থায়ন বিশ্বব্যাপী জনপ্রিয় একটি ধারণা। সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়ন বিষয়ে অধিকতর গুরুত্বারোপ এবং সম্ভাবনাময় ক্লাস্টারসমূহকে যথাযথ পৃষ্ঠপোষকতা প্রদানের লক্ষ্যে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ১৪.০৮.২০২২ তারিখে এসএমইএসপিডি সার্কুলার নং-০৫ এর মাধ্যমে ক্লাস্টারভিত্তিক অর্থায়ন সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক এর উল্লিখিত সার্কুলারের নির্দেশনা এবং ২৭.০১০.২০২২ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের ৫৫৪তম সভার অনুমোদনক্রমে ব্যাংক ব্যবস্থাপনার অনুমোদনক্রমে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে ক্লাস্টারভিত্তিক অর্থায়ন বিষয়ক নিম্নরূপ ঋণ নীতিমালা জারী করা হলো:

১. **ক্লাস্টারের সংজ্ঞা:**

সর্বোচ্চ ০৫ (পাঁচ) কিলোমিটার ব্যাসার্ধের সুনির্দিষ্ট ভৌগলিক সীমানায় অবস্থিত অনুরূপ/সমজাতীয়/সম্পর্কযুক্ত পণ্য উৎপাদন বা সেবা প্রদানে নিয়োজিত ৫০ (পঞ্চাশ) বা ততোধিক উদ্যোগের সমষ্টিকে সামষ্টিকভাবে একটি ক্লাস্টার হিসেবে বিবেচনা করা হবে। এক্ষেত্রে ক্লাস্টারের আওতায় অবস্থিত উদ্যোক্তাসমূহের ব্যবসায়িক শক্তি, দুর্বলতা, সুযোগ ও হুমকি হবে একই ধরনের। ভবিষ্যতে 'জাতীয় শিল্পনীতি' তে ক্লাস্টারের সংজ্ঞা ভিন্নরূপে প্রদত্ত হলে তা যথারীতি প্রযোজ্য হবে।

২. **ক্লাস্টার চিহ্নিতকরণ:**

ক) এ সার্কুলারের অনুচ্ছেদ নং-১ এ প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী চিহ্নিত ক্লাস্টারসমূহকে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের জন্য বিবেচনা করতে হবে। এতদ্ব্যতীত ভবিষ্যতে 'জাতীয় শিল্পনীতি'-তে ক্লাস্টার বিষয়ক তালিকা প্রদান করা হলে তাও ক্লাস্টারের আওতাভুক্ত হবে।

খ) ক্লাস্টারের আওতাভুক্ত প্রতিষ্ঠানসমূহের পণ্য/সেবার ধরণ বিবেচনায় ক্লাস্টারসমূহকে অনুযায়ী উচ্চ অগ্রাধিকার ও অগ্রাধিকারপ্রাপ্ত ক্লাস্টার হিসেবে শ্রেণীবিন্যাস করতে হবে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত অগ্রাধিকারপ্রাপ্ত সিএমএসএমই খাতভুক্ত ক্লাস্টারের তালিকা সংযোজনী-'ক'-তে দেখানো হলো। উল্লিখিত তালিকা বহির্ভুত ভিন্ন ধরনের কোনো ক্লাস্টার চিহ্নিত হলে তা অন্যান্য ক্লাস্টার হিসেবে বিবেচিত হবে।

৩. **ক্লাস্টারভিত্তিক অর্থায়নের লক্ষ্যমাত্রা ও তহবিল বরাদ্দ:**

ক) সিএমএসএমই খাতে বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ন্যূনতম ১০% ক্লাস্টারভিত্তিক অর্থায়নের জন্য সংরক্ষিত থাকবে। ২০২২ সালের মধ্যে শাখা/জোনের ৩১.১২.২০২২ ভিত্তিক সিএমএসএমই নীট ঋণ/বিনিয়োগ স্থিতির ন্যূনতম ১০% ক্লাস্টারভিত্তিক নীট ঋণ/বিনিয়োগ স্থিতি অর্জন নিশ্চিত করতে হবে। পরবর্তীতে এ লক্ষ্যমাত্রার পরিমাণ প্রতি বছর কমপক্ষে ১% হারে বৃদ্ধিপূর্বক ২০২৪ সালের মধ্যে ন্যূনতম ১২% এ উন্নীত করতে হবে। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এ লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা হলে তা যথারীতি অনুসরণ করতে হবে।

খ) ক্লাস্টারভিত্তিক বার্ষিক লক্ষ্যমাত্রার ন্যূনতম ৫০% উচ্চ অগ্রাধিকার ও অগ্রাধিকারপ্রাপ্ত ক্লাস্টারসমূহে মধ্যে এবং সর্বোচ্চ ৫০% অন্যান্য ক্লাস্টারসমূহের বিতরণ করতে হবে।

(চলমান পাতা-২)

ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২২ তারিখ: ০৭.১১.২০২২

৪. **ক্লাস্টারভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ প্রাপ্তির যোগ্যতা:**

(ক) উদ্যোগটি সিএমএসএমই খাতভুক্ত হতে হবে;

(খ) উদ্যোগটি উৎপাদনশীল বা সেবা খাতে নিয়োজিত থাকতে হবে;

(গ) উদ্যোগটি সুনির্দিষ্ট ক্লাস্টারের আওতায় রয়েছে মর্মে নিশ্চিত হতে হবে;

(ঘ) ক্লাস্টারের আওতাধীন উদ্যোক্তাদের সংগঠন থাকলে উদ্যোক্তাকে সংশ্লিষ্ট সংগঠনের সদস্য হতে হবে;

(ঙ) সিআইবি রিপোর্ট অনুযায়ী উদ্যোগটি ঋণ/বিনিয়োগ খেলাপি থেকে মুক্ত হতে হবে;

(চ) সরকারি প্রতিষ্ঠান বা স্বনামধন্য প্রাইভেট প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট উদ্যোগ বিষয়ে ন্যূনতম ০১ মাস মেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত হলে ঐ সকল উদ্যোক্তাগণ ঋণ/বিনিয়োগ প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন; এবং

(ছ) ক্লাস্টারের আওতাধীন নারী উদ্যোক্তাগণ ও বিশেষ চাহিদাসম্পন্ন উদ্যোক্তাগণ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন।

৫. **ঋণ/বিনিয়োগ অনুমোদন প্রক্রিয়া:**

ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে:

(ক) ঋণ/বিনিয়োগ গ্রহণের লক্ষ্যে উপযুক্ত/যোগ্য উদ্যোক্তা কর্তৃক আবেদন দাখিল করার পর সংশ্লিষ্ট শাখা কর্তৃক উল্লিখিত প্রস্তাবনা/উদ্যোগটি নির্ধারিত ক্লাস্টারের আওতায় অন্তর্ভুক্ত কিনা তা নিশ্চিত হতে হবে এবং ব্যাংকের নিজস্ব নীতিমালা অনুযায়ী ঋণ প্রস্তাবনা যথাযথভাবে মূল্যায়ন করতে হবে। প্রস্তাবনা/উদ্যোগটির ক্লাস্টার নির্ধারণ নিশ্চিতকরণপূর্বক সংশ্লিষ্ট উদ্যোক্তার অনুকূলে ঋণ/বিনিয়োগ মঞ্জুরি/বিতরণ করতে হবে।

(খ) ক্লাস্টারভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে উদ্যোক্তার প্রকৃতি ও চাহিদা অনুযায়ী মেয়াদী ও চলতি মূলধন উভয় ধরনের ঋণ সুবিধা প্রদান করা যাবে। এ ক্ষেত্রে ঋণ সীমা ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২০ এর অনুচ্ছেদ-২.৬ এর নির্দেশনা যথরীতি প্রযোজ্য হবে। একই গ্রাহক/উদ্যোক্তা প্রয়োজনের নিরীখে একাধিক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে ক্লাস্টারভিত্তিক ঋণ সুবিধা গ্রহণ করতে পারবে। তবে গ্রাহক/উদ্যোক্তার সামগ্রিক ঋণ সীমা ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২০ এর অনুচ্ছেদ-২.৬এ বর্ণিত সীমার অধিক হবে না। ঋণ আবেদন গ্রহণকারী শাখা কর্তৃক সংশ্লিষ্ট গ্রাহকের সিআইবি রিপোর্ট যাচাইপূর্বক বিষয়টি নিশ্চিত করতে হবে।

(গ) সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ৫ম অধ্যায়ে বর্ণিত সিএমএসএমই খাতে ঋণ ও অগ্রিম মঞ্জুরি ক্ষমতার যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

(ঘ) মেয়াদী ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে মেয়াদ হবে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর। উদ্যোগ/ব্যবসার ধরণ এবং ব্যাংকার-গ্রাহক সম্পর্ক বিবেচনায় প্রচলিত নিয়মে গ্রেস পিরিয়ড প্রদান করা যাবে; তবে, তা ০৬ (ছয়) মাসের অধিক হবে না। মেয়াদী ঋণ/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক ভিত্তিতে কিস্তি নির্ধারণ করা যাবে। চলতি মূলধন ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে এতদসংক্রান্ত বিদ্যমান প্রযোজ্য নীতিমালা অনুসরণ করতে হবে।

(ঙ) গ্রাহক পর্যায়ে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে সিএমএসএমই ঋণের শিডিউল অব চার্জেস এবং সুদ হার বিষয়ে ব্যাংক কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে। তবে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত পুনঃঅর্থায়ন স্কিম/তহবিলসমূহের আওতায় ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে উক্ত স্কিম/তহবিলের জন্য নির্ধারিত সুদ/মুনাফা হার প্রযোজ্য হবে।

(চ) ক্লাস্টারভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের বিপরীতে জামানতি সম্পত্তি গ্রহণ বিষয়ে ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২০ এবং ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর এতদসংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

(ছ) সহায়ক জামানত ব্যতিরেকে ঋণ প্রদানের ক্ষেত্রে ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২০ এর অনুচ্ছেদ নং ৬ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে। এতদ্ব্যতীত বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান করা যাবে।

৬. **তথ্য, উপাত্ত ও প্রতিবেদন:**

(ক) এ তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের সার্বিক তথ্যাদি নিয়মিত ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করতে হবে। বিধায়, শাখা/জোনসমূহ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় বিষয়ক তথ্যাদি নির্ধারিত ফরম্যাট অনুযায়ী ব্যাংকের CBS সফটওয়ারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত নিয়মিত সরবরাহ/দাখিল করতে হবে।

(খ) একইসাথে জোনাল কার্যালয়সমূহ এতদসংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী নির্ধারিত ছকে (সংযোজনী- ১) প্রতি ত্রৈমাস অন্তে এর অব্যবহিত ১০ (দশ) দিনের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ নিশ্চিত করবে।

(চলমান পাতা-৩)

ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২২ তারিখ: ০৭.১১.২০২২

৭. **রিপোর্ট ও মনিটরিং:**

(ক) শাখা, জোন এবং প্রধান কার্যালয় পর্যায়ে স্টেটমেন্ট অফ এফেয়ার্সে ক্লাস্টার সংক্রান্ত ঋণ/বিনিয়োগ আলাদাভাবে প্রদর্শন করতে হবে।

(খ) ক্লাস্টারভিত্তিক অর্থায়ন সংক্রান্ত সুনির্দিষ্ট তথ্যাদি ব্যাংকের স্থিতিপত্রের টীকা অংশে পৃথকভাবে প্রদর্শন করতে হবে।

(গ) গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ, আদায় ও সদ্ব্যবহার সংক্রান্ত বিষয়াদি সংশ্লিষ্ট জোন ও বিভাগীয় কার্যালয় কর্তৃক নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করতে হবে।

(ঘ) ক্লাস্টারভিত্তিক অর্থায়নের আওতায় ঋণপ্রাপ্ত গ্রাহকদের প্রতিষ্ঠানসমূহ সময়ে সময়ে সরেজমিনে পরিদর্শন, বুকস অব অ্যাকাউন্টস্/অন্যান্য তথ্যাদি যাচাইয়ের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক ঋণের মনিটরিং করতে পারবে। বিধায় এতদসংক্রান্ত তথ্যাদি মাসিকভিত্তিতে হালনাগাদ রাখতে হবে এবং বাংলাদেশ ব্যাংক/প্রধান কার্যালয়ের চাহিদা অনুসারে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সরবরাহ করতে হবে।

৮. **অন্যান্য শর্তাবলী:**

(ক) সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে এ সার্কুলারের নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

(খ) ঋণের আবেদনপত্র গ্রহণ ও প্রক্রিয়াকরণের সময়কাল, ঋণগ্রহীতা নির্বাচন, ডেট-ইক্যুইটি অনুপাত, ঋণ বিতরণ, দলিলাদি সম্পাদন, ঋণের সদ্ব্যবহার ও তদারকির ক্ষেত্রে এ ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল', ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-১০ এবং এতদসংক্রান্ত অন্যান্য সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

(গ) ঋণ ঝুঁকি নির্ধারণের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক জারীকৃত 'ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইডলাইন' এবং মানিলন্ডারিং প্রতিরোধ সম্পর্কিত বিধি-বিধানের পরিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(ঘ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে পরিচালিত স্বল্প সুদ/মুনাফার পুনঃঅর্থায়ন স্কিম/তহবিল এর আওতায় ক্লাস্টারভুক্ত উদ্যোগসমূহের ঋণ/বিনিয়োগ প্রাপ্তির বিষয়টিতে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং ক্লাস্টার উন্নয়নে অঞ্চলভিত্তিক সচেতনাতামূলক কর্মসূচি গ্রহণ করতে হবে। ।

(ঙ) ঋণ বিনিয়োগ অনাদায়ে ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেণীকরণপূর্বক যথাযথভাবে প্রভিশন সংরক্ষণ করতে হবে।

এ সার্কুলারের নির্দেশনাবলী অবিলম্বে কার্যকর হবে। এ বিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

০৭.১১.২০২২

(মোঃ বেল্লাল হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/ঋওঅবি-১/২৯(CMSME)/২০২২-২০২৩/৩৪৯(৪৫৪) তারিখ: ০৭.১১.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।

০৭.১১.২০২২

(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
মুখ্য কর্মকর্তা

(সংযোজনী-ক)

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

অগ্রাধিকারপ্রাপ্ত সিএমএসএমই খাতভুক্ত ক্লাস্টারের তালিকা

উচ্চ অগ্রাধিকার প্রাপ্ত ক্লাস্টারসমূহ	
১	কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প
২	তৈরী পোশাক শিল্প, নীটওয়্যার, ডিজাইন ও সাজসজ্জা
৩	আইসিটি
৪	চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প
৫	লাইট ইঞ্জিনিয়ারিং
৬	পাট ও পাটজাত শিল্প
অগ্রাধিকার প্রাপ্ত ক্লাস্টারসমূহ	
১	প্লাস্টিক ও অন্যান্য সিনথেটিক্স শিল্প
২	পর্যটন শিল্প
৩	হোম টেক্সটাইল সামগ্রী
৪	নবায়নযোগ্য শক্তি (সোলার পাওয়ার)
৫	অটোমোবাইল প্রস্তুত ও মেরামতকারী শিল্প
৬	তাঁত, হস্ত ও কারুশিল্প
৭	বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি (এলইডি, সিএফএফ বাল্ব উৎপাদন)/ইলেকট্রনিক যন্ত্রপাতি নির্মাণ শিল্প/ইলেকট্রনিক মেটেরিয়াল উন্নয়ন শিল্প
৮	জুয়েলারী শিল্প
৯	খেলনা শিল্প
১০	প্রসাধনী ও টয়লেট্রিজ শিল্প
১১	আগর শিল্প
১২	আসবাবপত্র শিল্প
১৩	মোবাইল/কম্পিউটার/টেলিভিশন সার্ভিসিং

Quarterly Statement on CMSME Cluster Financing

Name of the Bank/Zone:												
Name of the Quarter:												
		Specific Cluster's Information										
				Cluster's Address								
Priority Selection	Cluster's Categary	Serial	Cluster' Product/Service	District	Upazilla	Area/Union/Road/Village	Number of Enterprises Financed in the Cluster (This Quarter)	Disbursement in the Cluster (This Quarter)	Recoverable (This Quarter)	Recovey (This Quarter)	Classified (Quarter End)	T… In the
							34		3		3	
High Priority	Agro/Food Processing and agri Machnery Manufacturing Clasters	1					33					
		2										
		3										
		4										
		5										
	Ready Made Garments (RMG), Knitwear, Designe & Personal Wear Clusters	1										
		2										
		3										
		4										
		5										
	ICT Clusters	1										
		2										
		3										
		4										
		5										
	Leather & Leather goods Clusters	1										
		2										
		3										
		4										
		5										
	Light Engineering Clusters	1										
		2										
		3										
		4										
		5										
	Jute & Jute products Cluster	1										
		2										
		3										
		4										
		5										
Priority	Plastic industry & Other Synthetics Cluster	1										
		2										
		3										
	Tour & Travel Clusters	1										
		2										

	2											
	3											
	1											
ers	2											
	3											
	1											
	2											
	3											
	1											
	2											
	3											
	1											
tion	2											
	3											
	1											
	2											
	3											
	1											
	2											
	3											
tries	1											
	2											
	3											
sters	1											
	2											
	3											
s	1											
	2											
	3											
er/Televis	1											
	2											
	3											
	1											
	2					67	0	3	0	3	3	0